

বিদ্যুৎ খাতে বর্তমান সরকারের ধারাবাহিকতায় দ্বিতীয় মেয়াদের গত দুই (০২) বছরে অর্জিত সাফল্য

বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে সবার জন্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। বিদ্যুতের অপরিসীম গুরুত্বের কথা বিবেচনা করে সরকার তাৎক্ষণিক, স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করছে। বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা ক্যাপ্টিভসহ ১৪ হাজার মেগাওয়াটে পৌঁছেছে। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্য আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পরিণত করতে বর্তমান সরকার প্রতিশ্রুতিবদ্ধ। বিদ্যুৎ খাতের উন্নয়নে বিগত মহাজোট সরকারের ধারাবাহিকতায় বর্তমান সরকারের আমলে উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রয়েছে।



বিগত ২ (২০১৪ ও ২০১৫) বছরে বিদ্যুৎ খাতে সরকারের উল্লেখযোগ্য অর্জন

- বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা (গ্রীড কানেকটেড) ১০,২৮৯ মেগাওয়াট থেকে বর্তমানে ১১,৯৫২ মেগাওয়াটে উন্নীত করা; অর্থাৎ বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বিগত ২ (২০১৪ ও ২০১৫) বছরে ১,৮৭৩ মেগাওয়াট বৃদ্ধি পেয়েছে;
- ১২ জুলাই ২০১৩ খ্রি: তারিখে সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন ছিল ৬,৬৭৫ মেগাওয়াট। বর্তমানে সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন ৮,১৭৭ মেগাওয়াট (১৩ আগস্ট ২০১৫); অর্থাৎ বিগত ০২ বছরে বিদ্যুতের সর্বোচ্চ উৎপাদন বৃদ্ধি পেয়েছে ১,৫০২ মেগাওয়াট;
- বিদ্যুৎ সুবিধাভোগী জনগোষ্ঠী ২০১৩ সালের শতকরা ৬২ ভাগ থেকে বর্তমানে শতকরা ৭৫ ভাগে উন্নীত হয়েছে; অর্থাৎ বিগত ০২ (দুই) বছরে বিদ্যুৎ সুবিধাভোগী জনগোষ্ঠী শতকরা ১৩ ভাগ বৃদ্ধি পেয়েছে;

- ২০১৩ সালের মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ৩২১ কিলোওয়াট আওয়ার হতে বর্তমানে ৩৭১ কিলোওয়াট আওয়ারে উন্নীত হয়েছে; অর্থাৎ বিগত ০২ (দুই) বছরে মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ৫০ কিলোওয়াট আওয়ার বৃদ্ধি পেয়েছে;
- ২০১২-১৩ অর্থবছরে সামগ্রিক সিস্টেম লস শতকরা ১৪.৩৬ ভাগ থেকে হ্রাস পেয়ে ২০১৪-১৫ অর্থবছরে শতকরা ১৩.৫৫ ভাগে পৌঁছেছে; অর্থাৎ বিগত ০২ (দুই) বছরে সামগ্রিক সিস্টেম লস শতকরা ০.৮১ ভাগ হ্রাস পেয়েছে;
- ২০১৩ সালে বিদ্যুতের গ্রাহক সংখ্যা ১ কোটি ৪৩ লক্ষ থেকে বৃদ্ধি পেয়ে ২০১৫ সালে ১ কোটি ৯০ লক্ষে উন্নীত হয়েছে; অর্থাৎ বিগত ০২ (দুই) বছরে বিদ্যুতের গ্রাহক সংখ্যা ৮৭ লক্ষ বৃদ্ধি পেয়েছে;
- মোট বিতরণ লাইন বৃদ্ধি পেয়েছে ৪১ হাজার ১৪৮ কিলোমিটার;
- মোট সঞ্চালন লাইন বৃদ্ধি পেয়েছে ৬৯২ সার্কিটি কিলোমিটার;